



নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বি বি রোড, নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১৩ মে ২০২৬ তারিখে বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও সেবা নিশ্চিতকরণ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন মোতাবেক দেশের সকল সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত সকল রেস্টুরেন্ট, আবাসিক হোটেল ও ক্যাফেগুলোতে যৌক্তিক সময়ের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আলাদাভাবে র‍্যাম্প নির্মাণ ও টয়লেট স্থাপন নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন মোতাবেক নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত সকল রেস্টুরেন্ট, আবাসিক হোটেল ও ক্যাফেগুলোতে আগামী ৩১ জুলাই ২০২৬ তারিখের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আলাদাভাবে র‍্যাম্প নির্মাণ ও টয়লেট স্থাপন করার জন্য নির্দেশক্রমে বলা হলো। অন্যথায়, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স বাতিল অথবা নবায়ন বন্ধ রাখা হবে।

নির্দেশক্রমে

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন